বাজারে এলো ২০০ টাকার নোট

জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উপলক্ষে দেশের বাজারে প্রথমবারের ২০০ টাকা মূল্যমানের নতুন নোট ছেড়েছে বাংলাদেশ ব্যাংক।

বুধবার (১৮ মার্চ) বাংলাদেশ ব্যাংকের নির্বাহী পরিচালক ও মুখপাত্র সিরাজুল ইসলাম বলেন, বাংলাদেশ ব্যাংকের মতিঝিল অফিস থেকে ২০০ টাকার নতুন নোট বিনিময় শুরু হয়েছে। পরবর্তীতে পর্যায়ক্রমে বাংলাদেশ ব্যাংকের সব অফিস ও বাণিজ্যিক ব্যাংকগুলোর শাখা থেকে এ নোট সংগ্রহ করা যাবে।

এর আগে মঙ্গলবার ১৭ মার্চ জন্মশতবার্ষিকী ‘মুজিববর্ষ’ উপলক্ষে স্মারক ডাক টিকেট, ডাটা কার্ড ও স্মারক নোট অবমুক্ত করেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। গণভবন থেকে ১০ টাকার স্মারক ডাক টিকেট, ১০ টাকার কভার, ৫ টাকার ডাটা কার্ড, ১০০ টাকার স্মারক নোট ও ২০০ টাকার স্মারক ব্যাংক নোট, ১০০ টাকার স্মারক গোল্ড কয়েন, ১০০ টাকার স্মারক সিলভার কয়েক অবমুক্ত করেন তিনি।